দৈনিক বাংলা

তারিখ 10.1.83

পৃষ্ঠা ... কলাম ...

003

# জরিপে বহু ভুয়া শিক্ষা প্রতিষ্ঠানের সন্ধান লাভ

(নিজস্ব সংবাদদাতা)

কুড়িগ্রাম ৮ই জানুয়ারী।— বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপের কাজ চলছে। ইতিমধ্যে অনেক ভুয়া শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান বেরিয়ে পড়েছে। এক শ্রেণীর প্রধান শিক্ষকের নাভিশ্বাস উঠেছে।

গত ১৩ই ডিসেম্বর থেকে সারা দেশে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ কাজ শুরু হয়েছে, আগামী ৩১শে জানুয়ারী পর্যন্ত এ জরিপ কাজ চলবে। ইতিমধ্যে কুড়িগ্রাম মহকুমার বেসরকারী কলেজ, স্কুল মাদ্রাসা জরিপের কাজ শুরু হয়েছে। জরিপ কর্মীরা প্রতিটি থানায় সরেজমিনে জরিপ কাজ চালাচ্ছেন। এ পর্যন্ত মহকুমার অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শুধু ভুয়া শিক্ষক শিক্ষিকাই নয়, ছাত্রছাত্রী বিহীন অপ্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠানও বেড়িয়েছে, বিশেষ করে মাদ্রাসা ও জুনিয়র হাই স্কুলে ভুয়ার কারবার অধিক বলে জানা গেছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা হন্যে হয়ে ঘুরছেন, তারা শিক্ষক দেখাতে পারছেন না। ফলে নানান উপায় অবলম্বন করা হচ্ছে। শিক্ষক পদত্যাগ করেছেন বলে দেখানো হচ্ছে, প্রধান শিক্ষকদের নাভিশ্বাস উঠেছে।